গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
জীবন বীমা ভবন
১০, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৪.২৫- ৫২৪

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

আদেশ

জনাব কাজী আনিসুর রহমান, ক্যাশিয়ার, যুব উন্নয়ন অধিদপ্তর, নবাবগঞ্জ, ঢাকায় কর্মকালীন গত ৩১-১২-২০২৪ খ্রি. হতে ১৯-০৫-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং অদ্যাবধি কর্মস্থলে যোগদান থেকে বিরত রয়েছেন। তার অননুমোদিত অনুপস্থিতিকালিন তার সাথে যোগাযোগ করা হলে, তিনি হোয়াটসঅ্যাপ নম্বর ০১৭০৩-৯৮২২৩৩ যোগে ব্যক্তিগত কারণ দেখিয়ে চাকুরি হতে অব্যাহতি সংক্রান্ত একটি আবেদনপত্র স্থানীয় কর্তৃপক্ষ বরাবরে বিধি বর্হিভূতভাবে প্রেরণ করেন। তিনি ক্ষুদ্র ঋণ নির্দেশিকার বিধি লংঘনপূর্বক তার আত্মীয়-স্বজনের নামে ঋণ গ্রহণ করেন, যা পরবর্তীতে পরিশোধ করেন। তার উপরোক্ত অননুমোদিত অনুপস্থিতির কারণে স্থানীয় কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রম বিঘ্ন ঘটে। তার বিরুদ্ধে উত্থাপিত উপরোক্ত অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে। বর্ণিত অভিযোগে অত্র দপ্তরের ১৮-১১-২০২৫ খ্রি.তারিখের ৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৪.২৫-৪৪৭ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা (১৬/২০২৫) রুজু করা হয়;

যেহেতু, রুজুকৃত বিভাগীয় মামলার জবাব দাখিল বিষয়ে তার কর্মস্থলে প্রেরিত পত্রটি "প্রাপক স্থান পরিবর্তন করেছেন, উক্ত অফিসে নেই" মর্মে ফেরত আসে এবং নিয়োগপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্রটি স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক তার স্বজনের মাধ্যমে গত ৪-১২-২০২৫ খ্রি. তারিখে প্রেরণ নিশ্চিত করা হলেও তিনি বিভাগীয় মামলার জবাব প্রদান থেকে বিরত থাকেন। উত্থাপিত অভিযোগসমূহ অধিকতর তদন্তের প্রয়োজন হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণ ও পলায়নের (অননুমোদিত অনুপস্থিতি এবং অদ্যাবধি কর্মে যোগদান না করা) অভিযোগ প্রমাণিত হয়েছে। স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে জানা যায় যে, তার নিকট বর্তমানে সরকারের কোনো পাওনা নেই;

যেহেতু, তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়া এবং অদ্যাবধি কর্মে যোগদান না করায় একই বিধিমালার ৪(৩) বিধি মোতাবেক গুরুদণ্ডারোপের সিদ্ধান্ত দিয়ে অত্র দপ্তরের ০৬-০৫-২০২৬ খ্রি.তারিখের ৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৪.২৫-২০৪ সংখ্যক স্মারকে তাকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ দেয়া হলে, প্রাপক উক্ত ঠিকানায় নেই মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ফেরত আসে। একইভাবে তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশে জবাব প্রদান থেকে বিরত থাকেন;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় তদন্ত কর্মকর্তা নিয়োগ, প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে অসদাচরণ এবং বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি প্রমাণিত হওয়া, অদ্যাবধি কর্মে যোগদান না করা, বিধিবহির্ভূতভাবে চাকরি হতে ইস্তফা পত্র দাখিল, অফিসের সাথে কোনোরূপ যোগাযোগ রক্ষা না করা, তার নিকট সরকারের কোনো পাওনা না থাকা, অভিযোগের গুরুত্ব, তথ্য-উপাত্ত, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয়াদি পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক তার বিরুদ্ধে অসদাচরণ ও পলায়নের অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩) বিধিমতে তার বিরুদ্ধে গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হলো।

সেহেতু, এক্ষণে যুব উন্নয়ন অধিদপ্তর ঢাকা জেলাধীন নবাবগঞ্জ উপজেলার ক্যাশিয়ার, জনাব কাজী আনিসুর রহমান- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক ৩১-১২-২০২৪ খ্রি. তারিখ হতে চাকরি হতে বরখাস্তকরণ (dismissal from service) দণ্ডাদেশ প্রদান করা হলো।

১৫.১১.২০২৬

(মোঃ মোতাহার হোসেন)
মহাপরিচালক
ফোন : ২২৩৩৮৯৩৮৯।

অ: পৃ: দ্র: ২

Shahidul/E/Realse-767

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৩৪.২৫- ৫২৪ তারিখ: ৩১ কার্তিক ১৪৩৩ / ১৫ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়):

০১। পরিচালক----------(সকল) ,মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা।
০৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন-৩), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-(পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধসহ)।
০৬। আয়ন-ব্যয়ন কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (প্রদত্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ অর্থ মন্ত্রণালয়ের ২২-০৩-২০২৩ খ্রি. তারিখের ৫৪৭ সংখ্যক স্মারকের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট কর্মচারীর নামে সংযোজন / অন্তর্ভুক্তির জন্য অনুরোধসহ)।
০৭। কল্যান কর্মকর্তা, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
০৮। উপজেলা অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, নবাবগঞ্জ, ঢাকা।
০৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, নবাবগঞ্জ, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিতকরণের অনুরোধসহ)।
১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মতিঝিল ইউনিট থানা, ঢাকা (পত্রটি স্থায়ী ঠিকানা:পিতা-কাজী মিজানুর রহমান, ১২১/১, দক্ষিণ মাদারটেক, ডাকঘর-বাসাবো, থানা-সবুজবাগ, ঢাকায় প্রেরণপূর্বক প্রাপ্তি স্বীকারপত্র অত্র দপ্তরে প্রেরণ অথবা প্রার্থীকে বর্ণিত ঠিকানায় পাওয়া না গেলে দুইজন স্বাক্ষীর উপস্থিতিতে পত্রটি তার স্থায়ী ঠিকানায় লটকিয়ে জারিপূর্বক প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১২। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১৩। জনাব কাজী আনিসুর রহমান,ক্যাশিয়ার, যুব উন্নয়ন অধিদপ্তর, নবাবগঞ্জ, ঢাকা ।
১৩। জনাব কাজী আনিসুর রহমান,পিতা-কাজী মিজানুর রহমান, ১২১/১, দক্ষিণ মাদারটেক, ডাকঘর-বাসাবো, থানা-সবুজবাগ, ঢাকা
১৪। অফিস কপি।

১৫.১১.২৬
(শহিদুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন-৪)
যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
ফোন:০২-২২৩৩৮৩০৮২।

Shaladin/G:/Realso-768